

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর।
<http://nilphamarisadar.nilphamari.gov.bd>

স্মারক নং- ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৫.০০৭.১৭-

তারিখঃ

নীলফামারী সদর উপজেলার জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

নীলফামারী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত জলমহাল ১৪২৪ হতে ১৪২৬ বঙ্গাব্দ পর্যন্ত (০৩) তিন বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সমবায় সমিতির নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

আবেদনপত্র আগামী ০৪/০৫/২০১৭ ইং তারিখ রোজ- বুধবার সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত আবেদনপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৪.০০ ঘটিকায় আবেদনকারীর উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) আবেদন বাস্তব খোলা হবে। আবেদন গ্রহণের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময় নিম্নস্বাক্ষরকারী কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর কার্যালয়ে নিম্নবর্ণিত শর্তাবলীসহ নির্ধারিত মূল্যে আবেদন ফরম (মূল্য অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

ইজারাধীন জলমহাল শুধুমাত্র ১৪২৪ হতে ১৪২৬ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে। কাংখিত দর না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের দরপত্র আহবান অব্যাহত থাকবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

জলমহাল/পুকুরের নাম, সম্ভাব্য ইজারা মূল্য ও আবেদন গ্রহণের সময়

ক্রমিক নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম	১৪২৪-১৪২৬ বাংলা সনের সরকারী ইজারা মূল্য(বাৎসরিক)	আবেদন পত্র গ্রহণের তারিখ
০১	গোড়গ্রাম	কাশগনার বিল মৌজাঃ গোড়গ্রাম খংনং দাগনং জমি (একর) ০১ ৩৯০ ৫.২৪ একর	১,২৩,৯০০/-	০৪/০৫/২০১৭
০২	ঐ	মানিমুনি পুকুর মৌজাঃ ধোবাডাংগা খংনং দাগনং জমি (একর) ০১ ৯২৪৯ ৪.৩৫ একর	৬৯,৩০০/-	
০৩	খোকশাবাড়ী	ভাট পুকুর মৌজাঃ মুশরত গোড়গ্রাম খংনং দাগনং জমি (একর) ০১ ১৫০৮ ১.৭০ একর	১০,৫০০/-	
০৪	ঐ	বড়কুড়া পুকুর মৌজাঃ কিসামত উত্তর গোড়গ্রাম খংনং দাগনং জমি (একর) ০১ ৪৮৯ .৮৫ একর	৫,৭৭৫/-	
০৫	রামনগর	বাহালীপাড়া কাছারী বাজার পুকুর মৌজাঃ বাহালীপাড়া খংনং দাগনং জমি (একর) ০১ ৩৩৭৩ .৭৪ একর	২,৬২৫/-	
০৬	কচুকাটা	মোলাং পুকুর মৌজাঃ কচুকাটা খংনং দাগনং জমি ৭০৬ ১১০৮ } ১.৬৬ এ: ১৯৬৩ ১৮১৪ }	১১,৫৫০/-	

